

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৪৬

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ ত্যাগ ও সহমর্মিতা প্রসঙ্গে

আরবী

وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ قَالَ: جَاءَ رَجُلُ إِلَى النّبِي عَلَيْ فَقَالَ: إِنّي مَجْهُودٌ فَأَرسَلَ إِلَى أَخْرَى فَقَالَتْ مِثْلَ نِسَائِهِ فَقَالَت: وَالَّذِي بَعَثَكَ بِالحَقِّ مَا عَندِي إِلاَّ مَاءٌ ثُمَّ أَرْسَلَ إِلَى أُخْرَى فَقَالَتْ مِثلَ نَلِكَ حَتَّى قُلْنَ كُلُّهُنَّ مِثلَ ذَلِكَ: لاَ وَالَّذِي بَعَثَكَ بِالحَقِّ مَا عَندِي إِلاَّ مَاءٌ فَقَالَ النّبِيُّ عَلَيْ فَقَالَ النّبِيُ عَلَيْ مَنْ يُضِيفُ هَذَا اللَّيْلَة ؟ فَقَالَ رَجُلٌ مِنَ الأَنْصَارِ: أَنَا يَا رَسُولَ اللهِ فَانْطَلَقَ بِهِ إِلَى رَحْلِهِ فَقَالَ لامْرَأَتِهِ: هَلْ عَندَك شَيْءٌ فَقَالَ لامْرَأَتِهِ: هَلْ عَندَك شَيْءٌ وَإِذَا لَامُرَأَتِهِ: هَلْ عَندَك شَيْءٌ وَإِذَا أَرَادُوا العَشَاءَ فَنَوّمِيهِمْ وَإِذَا كَمَلَ صَنيْعُكُمَا اللّهِ فَانْطُلُقَ بِهِ إَلَى مَحْلِهِ مَنْ صَنيعِكُمَا بِضَيْفُ وَبَاتَا طَاوِيَيْنِ فَلَمَّا كَمُ مَنْ عَندِك اللّهُ مِنْ صَنيعِكُمَا بِضَيْفُ وَبَاتَا طَاوِيَيْنِ فَلَمَّا عَلَيْهِ عَدَا عَلَى النّبَيِ عَيْقٍ فَقَالَ لَقَدْ عَجِبَ الله مِنْ صَنيعِكُمَا بِضَيْفِكُمَا اللّيْلَةَ مَتفَقٌ عَلَيْهِ

বাংলা

আল্লাহ তা'আলা বলেন,

وَيُوْتُرُونَ عَلَى أَنْفُسِهِمْ وَلَوْ كَانَ بِهِمْ خَصِاصِةٌ

অর্থাৎ, নিজেরা অভাবগ্রস্ত হলেও তারা (অপরকে) নিজেদের উপর প্রাধান্য দেয়। (সূরা হাশর ৯)

তিনি আরো বলেন,

وَيُطْعِمُونَ الطَّعَامَ عَلَى حُبِّهِ مِسْكِيناً وَيَتِيماً وَأُسِيراً

অর্থাৎ, আহার্যের প্রতি আসক্তি সত্ত্বেও তারা অভাবগ্রস্ত, ইয়াতীম ও বন্দীকে অন্নদান করে। (সূরা দাহার ৮)



(২৪৬) আবূ হুরাইরাহ (রাঃ) বলেন, এক ব্যক্তি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বলল, 'আমি ক্ষুধায় কাতর হয়ে আছি।' আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর কোন স্ত্রীর নিকট সংবাদ পাঠালেন। তিনি বললেন, 'সেই সত্তার কসম, যিনি আপনাকে সত্যের সঙ্গে পাঠিয়েছেন! আমার কাছে পানি ছাড়া কিছুই নেই।' অতঃপর অন্য স্ত্রীর নিকট পাঠালেন। তিনিও অনুরূপ কথা বললেন। এমনকি শেষ পর্যন্ত সকল (স্ত্রী)ই ঐ একই কথা বললেন, 'সেই সত্তার কসম, যিনি আপনাকে সত্যের সাথে পাঠিয়েছেন! আমার কাছে পানি ছাড়া কোন কিছুই নেই।'

তারপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, আজকের রাতে কে একে মেহমান হিসাবে গ্রহণ করবে? এক আনসারী বললেন, 'হে আল্লাহর রসূল! আমি একে মেহমান হিসাবে গ্রহণ করব।' সুতরাং তিনি তাকে সাথে করে নিজ গৃহে নিয়ে গেলেন এবং তাঁর স্ত্রীকে বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মেহমানের খাতির কর।

অন্য এক বর্ণনায় আছে, তিনি (আনসারী) তাঁর স্ত্রীকে বললেন, তোমার নিকট কোন কিছু আছে কি? তিনি বললেন না, কেবলমাত্র বাচ্চাদের খাবার আছে। তিনি বললেন, কোন জিনিস দ্বারা তাদেরকে ভুলিয়ে রাখবে এবং তারা যখন রাত্রে খাবার চাইবে, তখন তাদেরকে ঘুম পাড়িয়ে দেবে। অতঃপর যখন আমাদের মেহমান (ঘরে) প্রবেশ করবে, তখন বাতি নিভিয়ে দেবে এবং তাকে দেখাবে যে, আমরাও খাচ্ছি।

সুতরাং তাঁরা সকলেই খাওয়ার জন্য বসে গেলেন; মেহমান খাবার খেল এবং তাঁরা দু'জনে উপবাসে রাত কাটিয়ে দিলেন। অতঃপর যখন তিনি সকালে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট গেলেন, তখন তিনি বললেন, তোমাদের দু'জনের আজকের রাতে নিজ মেহমানের সাথে তোমাদের ব্যবহারে আল্লাহ বিস্মিত হয়েছেন!

ফুটনোট

(বুখারী ৩৭৯৮, মুসলিম ৫৪৮০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন